

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-গকউ/উ-২/বিবিধ-১/২০০০/৩৪১

তারিখ : ২৩-০১-২০০১ ইং।

প্রেরক : মোঃ আনোয়ারুল হক
সিনিয়র সহকারী সচিব, উন্নয়ন-২ শাখা।

প্রাপক : ১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা।

২। প্রধান প্রকৌশলী, সিএমএমইউ
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন অবকাঠামো/স্থাপনা সমূহের নির্মাণ, সম্প্রসারণ, মেরামত ও সংরক্ষণ কাজের বাস্তবায়ন প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন পর্যায়ের অবকাঠামো সমূহ মেরামত, সংস্কার, সম্প্রসারণ, উন্নীতকরণ ও নতুন নির্মাণ ইত্যাদি কাজ বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

ক) গণপূর্ত অধিদপ্তর এর আওতাভুক্ত কাজ সমূহ :

- ১) সকল মেডিকেল কলেজ ও হাসপাতাল।
- ২) সকল বিশেষায়িত হাসপাতাল (Specialised Hospitals)।
- ৩) ১০০ শয্যার উপরের জেলা পর্যায়ের জেনারেল হাসপাতাল।

গণপূর্ত অধিদপ্তর উপরোক্ত অবকাঠামো সমূহের যথাযথ মেরামত, সংরক্ষণ, সম্প্রসারণ, উন্নয়ন ইত্যাদি কাজ বাস্তবায়ন করবে এবং উক্ত অবকাঠামো সমূহ গণপূর্ত অধিদপ্তরের বহির্ভুক্ত থাকবে। তবে প্রয়োজনীয় কাজের স্বার্থে মন্ত্রণালয় সময় সময় কাজ পুনঃ বন্টন করতে পারবে।

খ) সিএমএমইউ এর আওতাভুক্ত কাজ :

স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপরোক্ত (গণপূর্ত অধিদপ্তরের আওতাভুক্ত) স্থাপনা সমূহ ব্যতীত অন্যান্য সকল অবকাঠামো/স্থাপনার মেরামত, সংরক্ষণ, সম্প্রসারণ, উন্নয়ন ইত্যাদি কাজের বাস্তবায়ন সিএমএমইউ এর উপর ন্যস্ত থাকবে এবং ঐগুলি সিএমএমইউ এর বহির্ভুক্ত হবে।

এখন থেকে উপরোক্ত বিভাজন অনুযায়ী কাজ বাস্তবায়ন করা হবে। তবে বর্তমানে উক্ত বিভাজনের আওতায় কোন স্থাপনায় অন্য সংস্থার কাজ বাস্তবায়নশীল থাকলে উক্ত কাজ সম্পন্ন করনের সাথে সাথে উক্ত স্থাপনার দায়িত্ব সংশ্লিষ্ট বিভাগের উপর অর্পিত হবে।

অর্থ মন্ত্রণালয় হতে পরবর্তীতে উক্ত বিভাজন অনুযায়ী অবকাঠামো/স্থাপনা সমূহের রক্ষনাবেক্ষণ খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যাপারে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সত্বর ব্যবস্থা গ্রহণ করবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

২। সংশ্লিষ্ট সকলকে উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(স্বাক্ষরিত)

(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব
উন্নয়ন-২ শাখা।

তারিখ : ২৩-০১-২০০১ ইং।

স্মারক নং-গকউ/ডি-২/বিবিধ-১/২০০০/৩১১(৩৬)

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী করার জন্য প্রেরণ করা হলো :

১।

২৪।

(স্বাক্ষরিত)

(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব
উন্নয়ন-২ শাখা।

তারিখ : ২৩/০১/২০০১ ইং

স্মারক নং-স্বাগকম/সিএমএমইউ/বি-১১/১০১ (১০১)

অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো :

- ১। সিভিল সার্জন, জেলা।
- ২। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, জেলা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, সিএমএমইউ, বিভাগ।
- ৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা।
- ৫। সহকারী প্রকৌশলী, সিএমএমইউ, জেলা।

(কর্নেল সৈয়দ আনোয়ার হোসেন)
প্রধান প্রকৌশলী, সিএমএমইউ।